

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-১-শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নম্বর: ১৫.০০.০০০০.০১৪.১৮.০৬৫.১১-


তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৪ জুন ২০২৬অফিস আদেশ

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা জনাব আবুল কালাম আজাদ এর জন্ম তারিখ ০১.০৭.১৯৬৭ অনুযায়ী ৩০.০৬.২০২৬ তারিখে তাঁর বয়স ৫৯ বছর পূর্তিতে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ৪৩ (১)(ক) ধারা মোতাবেক তাঁকে ৩০.০৬.২০২৬ তারিখে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো এবং তাঁর অনুকূলে ০১.০৭.২০২৬ হতে ৩০.০৬.২০২৭ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর অবসর উত্তর ছুটি (পি.আর.এল.) মঞ্জুর করা হলো।

০২। জনাব আবুল কালাম আজাদ এর বর্তমান মূলবেতন ৫৭,৫১০/- (সাতান্ন হাজার পাঁচশত দশ) টাকা এবং তাঁর অনুকূলে পূর্ণ গড়বেতনে ০২ বছর ০৫ মাস ১০ দিন এবং অর্ধ গড়বেতনে ০২ বছর ০৭ মাস ১৫ দিন অর্জিত ছুটি জমা রয়েছে।

০৩। জনাব আবুল কালাম আজাদ এর অনুকূলে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১০ (২) (খ) অনুচ্ছেদ অনুযায়ী ১৮(আঠারো) মাসের ছুটি নগদায়ন (ল্যাম্পগ্র্যান্ট) বাবদ প্রাপ্য ১৮ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ (৫৭,৫১০×১৮)=১০,৩৫,১৮০/- (দশ লক্ষ পঁয়ত্রিশ হাজার একশত আশি) টাকা মাত্র মঞ্জুর করা হলো।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



মো: আলমগীর কবির

উপসচিব

ফোন: ৫৫১০১০৮২

E-mail: admin1@moi.gov.bd


নম্বর: ১৫.০০.০০০০.০১৪.১৮.০৬৫.১১-

২৩৫৫/০(৯)

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৪ জুন ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা;
- ০২। সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৩। সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ০৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৫। অতিরিক্ত সচিব (প্রশাসন)/যুগ্মসচিব (বাজেট)-এর ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা;
- ০৬। জনাব আবুল কালাম আজাদ, ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৭। মাস্টার কপি এবং
- ০৮। অফিস কপি।



উপসচিব